শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.৫৪০০.০৪২.৯৯.০১১.১৯.**১১৬**

তারিখ: ০৮ মাঘ ১৪২৯ / ২২ জানুয়ারি ২০২৩

**বিষয়: ২০২১-২২ অর্থবছরে মাদারীপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্পের প্রাক্কলন সংশোধন সংক্রান্ত।**

সূত্র : জেলা পরিষদ, মাদারীপুর এর স্মারক জেপমা-উন্নয়ন-১২/২০২২/৩৪৭, তারিখ: ২৭ নভেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২০২১-২২ অর্থবছরে মাদারীপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় নিম্নবর্ণিত প্রকল্পের প্রাক্কলন এলজিইডি কর্তৃক যাচাইক্রমে বাস্তবায়নের অনুমোদন প্রদান করা হয়েছিল:

| প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় |
|---|---|
| মাদারীপুর জেলার শিবচর উপজেলার দত্তপাড়ায় একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ | ২,৮৫,৩১,৪১৭.০০ টাকা (দুই কোটি পঁচাশি লক্ষ একত্রিশ হাজার চারশত সতের টাকা) |

২। কিন্তু সূত্রস্থ পত্রে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পটি অনুমোদিত ডিজাইনে Pre cast pile মিল ছিল না। ডিজাইনে ১২"X১২" সাইজের পাইল অনুমোদিত থাকলেও ভুলক্রমে প্রাক্কলনের মধ্যে ১০"X১০" পাইলের হিসাবে দেখিয়ে প্রাক্কলন করা হয়। অনুমোদিত প্রাক্কলনের মূলভবন আইটেম নং ৩, ৪, ৫ এ যথাক্রমে (৪.৭.১০, ৪.৭.১৬.২, ৫.২৩.৪), গ্যারেজ ভবন আইটেম নং ৭০,৯১,৯২ এ যথাক্রমে (৪.৭.১০, ৪.৭.১৬.২, ৫.২৩.৪) এবং কিচেন আইটেমে নং ৩২৪,৩২৫,৩২৬ এ যথাক্রমে (৪.৭.১০, ৪.৭.১৬.২, ৫.২৩.৫) এ সর্বমোট ৯৩টি আরসিসি প্রি-ক্যাস্ট পাইল ও প্রাক্কলিত ব্যয় ধরা ছিল ২১,০৯.১৯২.০০ টাকা। কিন্তু, অনুমোদিত ডিজাইন মোতাবেক ২৯,২৫,৩০৪.০০ টাকা হবে। ফলে মোট প্রাক্কলিত ব্যয় দাড়াবে ২,৯৩,৪৭,৫২৯.০০ টাকা (দুই কোটি তিরানব্বই লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত উনত্রিশ টাকা)।

৩। এমতাবস্থায়, গত ২০২১-২২ অর্থবছরে মাদারীপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২,৯৩,৪৭,৫২৯.০০ (দুই কোটি তিরানব্বই লক্ষ সাতচল্লিশ হাজার পাঁচশত উনত্রিশ) টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রস্তাবিত প্রাক্কলন যাচাই করে মতামতসহ প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: মাদারীপুর জেলা পরিষদ হতে প্রাপ্ত প্রস্তাব।

২২/০১/২০২৩


এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd


প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।